# ২০২৪
# বাংলা

(সাম্মানিক)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-H-DSE-T-4

(বাংলা ও প্রাদেশিক সাহিত্য)

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'মাটির মানুষ' উপন্যাসের ঔপন্যাসিকের নাম ও প্রকাশকাল লেখো।

খ) 'তারপর থেকে সে রাজ দরবারে দর্শনীয় জীবই হয়ে রইল'— কোন গল্পে কার কথা বলা হয়েছে?

গ) লীলা বেনারে ছোটবেলায় তার বইয়ের প্রথম পৃষ্ঠায় কী লিখে রাখত?

ঘ) 'টোবাটেক সিং' গল্পের লেখকের সংক্ষিপ্ত পরিচয় দাও।

ঙ) প্রফেসর দামলে কেমন মানুষ?

চ) 'ভেন্ন' গল্পে ভাইদের কেমন সম্পর্ক ছিল?

(পরের পাতায়)

ছ) 'আপন ভাবলেই আপন, পর ভাবলেই পর'— কে একথা কেন বলেছে?

জ) 'লোক হতবাক হয়ে রইল, অনেকেরই বুক কেঁপে উঠল'— প্রসঙ্গটি আলোচনা করো।

ঝ) লীলা বেনারে কেন অতীতে আত্মহত্যার চেষ্টা করেছিল?

ঞ) মিস্টার ও মিসেস কাশিকরের সম্পর্ক কেমন ছিল?

ট) No man's land—বলতে কী বোঝায়?

ঠ) সোনাঝুরির মেলা কেমন ছিল?

ড) হরি মিশ্র কে ছিলেন?

ঢ) হারার মায়ের পরিচয় দাও।

ণ) নকল আদালত বলতে নাটকে কী বোঝানো হয়েছে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'এই প্রথম আলাদা হওয়ার বিরুদ্ধে তার অন্তর ছি ছি করে উঠল'— প্রসঙ্গটি ব্যাখ্যা করো।

খ) 'পালোয়ানের ঢোলক' গল্পে পালোয়ানের প্রকৃত বীরত্বের কী পরিচয় পাওয়া যায়?

গ) 'টোবাটেক সিং' গল্পে আসল পাগলা কারা বলে তোমার মনে হয়? তোমার বক্তব্যের সপক্ষে যুক্তি দাও।

ঘ) বরজু প্রধানের চরিত্র বিশ্লেষণ করো।

ঙ) বালু রোকড়ের সাক্ষ্যদানের গুরুত্ব নির্ণয় করো।

চ) সামন্ত ও কার্ণিকের পরিচয় দাও।



৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'মাটির মানুষ' উপন্যাসের নামকরণের সার্থকতা সম্পর্কে আলোচনা করো।

খ) 'চুউপ! আদালত চলছে' নাটকে নাট্যকার কীভাবে তথাকথিত সভ্য সমাজের মুখোশ খুলে দিয়েছেন আলোচনা করে বুঝিয়ে দাও।

গ) দুলারীর স্বামী কী কারণে জঞ্জাল বুড়ো হয়ে উঠল? কীভাবে সেই অবস্থা থেকে তার উত্তরণ ঘটে?

ঘ) 'টোবাটেক সিং' গল্পে কেন্দ্রীয় চরিত্র বিশ্লেষণ করো।

———